

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৭/০২/২০২৫ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদানের জন্য অনলাইন
আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক একাদশ শ্রেণিতে নিয়মিতভাবে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতকরণে এককালীন ভর্তি সহায়তা প্রদান করা হবে। রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসরণপূর্বক আগামী ০৫/০৩/২০২৫ থেকে ১০/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত লিংকের মাধ্যমে অনলাইনে আবেদন/এন্ট্রি করার জন্য নির্দেশ দেওয়া গেল।

শর্তাবলী:

- ১। আবেদনের যোগ্যতা: শিক্ষার্থীকে নিয়মিতভাবে অধ্যয়ন করতে হবে (পুনঃভর্তি/অনিয়মিত/প্রাইভেট ক্ষেত্রে আবেদনযোগ্য নহে)।
- ২। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে (যদি একাউন্ট না থাকে)। <http://www.eservice.pmeat.gov.bd/admission> লিংকে প্রবেশ করে আবেদন ফরম ডাউনলোড করতে হবে। প্রিন্টকপি যথাযথভাবে পূরণপূর্বক নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণ করবে। তারপর শিক্ষার্থীর স্বাক্ষর, ছবি এবং নিম্নোক্ত কাগজপত্রসহ স্পষ্ট করে ছবি তোলার পর আপলোড করতে হবে।
- ৩। প্রয়োজনীয় কাগজপত্র:
 - (ক) শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি।
 - (খ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ (১৭ ডিজিট বিশিষ্ট)
 - (গ) অভিভাবকের জাতীয় পরিচয়পত্র (এনআইডি)।
 - (ঘ) মেধাবী অর্থে: সর্বশেষ পরীক্ষার নম্বরপত্র (শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত হতে হবে)।
 - (ঙ) দরিদ্র অর্থে: অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীর ক্ষেত্রে- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কম মর্মে ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত "প্রত্যয়নপত্র"।
 - (চ) দরিদ্র অর্থে: জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৩-২০ গ্রেডভুক্ত কর্মচারী সন্তানদের ক্ষেত্রে- পিতা/মাতার অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত "ভর্তি সহায়তার জন্য প্রত্যয়নপত্র"।
 - (ছ) প্রতিবন্ধী, এতিম, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গন পরিবারের সন্তান, মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তান শিক্ষার্থীর ক্ষেত্রে- অগ্রাধিকার প্রাপ্তি স্বপক্ষে প্রমাণপত্র।
 - (জ) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসেবে শিক্ষার্থীর শুধুমাত্র সচল 'নগদ' একাউন্ট নম্বর এন্ট্রি দিতে হবে।
 - (ঝ) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।


(প্রফেসর মো. আবু হেয়দ চৌধুরী)

অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২৭/০২/২০২৫

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ী নং- ৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



ভর্তি সহায়তার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র

(ক) শিক্ষার্থীর তথ্য:

শিক্ষার্থীর নাম:		
অধ্যয়নরত শ্রেণি:	বিভাগ/বিষয়:	শ্রেণি রোল:
সাল/সেশন:	ছাত্র/ছাত্রী:	
শিক্ষার্থীর জন্ম তারিখ (জন্ম সনদ অনুযায়ী):		
পিতার নাম:	মাতার নাম:	
পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয়:		

(খ) বিগত/সর্বশেষ উত্তীর্ণ পরীক্ষায় প্রাপ্ত ফলাফল:

সর্বশেষ উত্তীর্ণ শ্রেণি/পরীক্ষা:	সাল:
প্রাপ্ত ফলাফল:	

(গ) শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য:

অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম:
প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের নাম:
প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের মোবাইল নম্বর:
প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের ই-মেইল নম্বর:
প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত সুপারিশ:

শিক্ষা প্রতিষ্ঠান/
বিভাগের সিল

শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের
স্বাক্ষর, তারিখ ও সিল



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ী নং- ৪৪, সড়ক নং-১২/এ, খানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



ভর্তি সহায়তার জন্য প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে, জনাব
পদবি..... গ্রেড-
কার্যালয়ে কর্মরত আছেন। আমি তাঁর সন্তানকে ভর্তি সহায়তা প্রদানের জন্য সুপারিশ করছি।

অফিস/ প্রতিষ্ঠান প্রধানের
স্বাক্ষর, তারিখ ও সিল